রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, মে ২২, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অর্থ বিভাগ**

**প্রবিধি অনুবিভাগ**

**প্রবিধি-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৪ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/১৮ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ১০৩-আইন/২০২৩।**—সরকার, সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ (২০২৩ সনের ৪ নং আইন) এর ধারা ২৯, ধারা-৬ এর উপ-ধারা (২) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম এবং প্রবর্তন।**—(১) এই বিধিমালা জাতীয় পেনশন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান ও সদস্যগণের চাকরি বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—এই বিধিমালায় ব্যবহৃত শব্দ বা অভিব্যক্তিসমূহ সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ (২০২৩ সনের ৪ নং আইন) এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **নির্বাহী চেয়ারম্যান পদে নিয়োগ যোগ্যতা।**—কোনো ব্যক্তির নির্বাহী চেয়ারম্যান পদে নিয়োগের ক্ষেত্রে নিম্নরূপ যোগ্যতা থাকিতে হইবে, যথা:—


**মূল্য :** টাকা ৮.০০

(ক) পাবলিক ফাইন্যান্স, অর্থনীতি, ব্যবসায় প্রশাসন, হিসাব বিজ্ঞান, ফিন্যান্স, ব্যাংকিং, পাবলিক পলিসি, লোক প্রশাসন, অ্যাকচুয়ারিয়াল সায়েন্স, পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; এবং

(খ) সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক ও নির্বাহী কাজের অভিজ্ঞতাসহ অন্যূন ২০ (বিশ) বৎসর চাকরির অভিজ্ঞতা যাহার মধ্যে অন্যূন ১০ (দশ) বৎসর পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট সম্পর্কিত হইতে হইবে।

৪। **সদস্য পদে নিয়োগ যোগ্যতা**।—কোনো ব্যক্তির সদস্য পদে নিয়োগের ক্ষেত্রে নিম্নরূপ যোগ্যতা থাকিতে হইবে, যথাঃ—

(ক) পাবলিক ফাইন্যান্স, অর্থনীতি, ব্যবসায় প্রশাসন, হিসাববিজ্ঞান, ফিন্যান্স, ব্যাংকিং, পাবলিক পলিসি, লোক প্রশাসন, অ্যাকচুয়ারিয়াল সায়েন্স, পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; এবং

(খ) সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক ও নির্বাহী কাজের অভিজ্ঞতাসহ অন্যূন ১৫ (পনেরো) বৎসর চাকরির অভিজ্ঞতা যাহার মধ্যে অন্যূন ৭ (সাত) বৎসর পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট সম্পর্কিত হইতে হইবে।

৫। **নির্বাহী চেয়ারম্যান ও সদস্যদের অযোগ্যতা**।—কোনো ব্যক্তি নির্বাহী চেয়ারম্যান বা সদস্য হিসাবে নিযুক্ত হইবার বা থাকিবার যোগ্যতা হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন;

(খ) উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন;

(গ) কোনো উপযুক্ত আদালত, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণখেলাপি হিসাবে ঘোষিত হন;

(ঘ) নৈতিক স্খলনজনিত অপরাধের দায়ে যে কোনো মেয়াদের দণ্ডপ্রাপ্ত হন;

(ঙ) শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে দায়িত্ব পালনে অক্ষম হন;

(চ) Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর অধীন কর ফাঁকির কারণে দণ্ডপ্রাপ্ত হন; অথবা

(ছ) কোনো পেশাদার প্রতিষ্ঠান কর্তৃক দণ্ডপ্রাপ্ত হন।

**ব্যাখ্যা**।—দফা (ছ) এর উদ্দেশ্যপূরণকল্পে "পেশাদার প্রতিষ্ঠান" বলিতে Institute of Chartered Accountants of Bangladesh (ICAB), Institute of Chartered Secretaries of Bangladesh (ICSB), Institute of Cost and Management Accountants of Bangladesh (ICMAB) বা সরকার কর্তৃক ঘোষিত অন্য কোনো পেশাদার প্রতিষ্ঠানকে বুঝাইবে।

৬। **নির্বাহী চেয়ারম্যান ও সদস্যগণের নিয়োগ**।—সরকার, বিধি ৩, ৪ এবং ৫ এর বিধান সাপেক্ষে, উপযুক্ত কোনো ব্যক্তিকে চুক্তিভিত্তিক বা প্রেষণে নির্বাহী চেয়ারম্যান ও সদস্য পদে নিয়োগ প্রদান করিতে পারিবে।

৭। **নির্বাহী চেয়ারম্যান ও সদস্যগণের পদমর্যাদা ও চাকরির মেয়াদ**।—(১) সরকার নির্বাহী চেয়ারম্যান এবং সদস্যগণের পদমর্যাদা নির্ধারণ করিবে।

(২) নির্বাহী চেয়ারম্যান ও সদস্যগণের পদের মেয়াদ হইবে নিয়োগ প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসর, তবে সরকার, অনুরূপ ১ (এক) মেয়াদের জন্য নির্বাহী চেয়ারম্যান ও সদস্যগণকে পুনঃনিয়োগ করিতে পারিবে।

(৩) নির্বাহী চেয়ারম্যান বা কোনো সদস্য তাহাদের চাকরির মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে যে কোনো সময় সরকারের উদ্দেশ্যে অন্যূন ১ (এক) মাসের অগ্রিম নোটিশ প্রদান করিয়া পদত্যাগ করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক পদত্যাগপত্র গৃহীত না হওয়া পর্যন্ত পদত্যাগ কার্যকর হইবে না।

৮। **নির্বাহী চেয়ারম্যান ও সদস্যগণের অপসারণ**।—(১) যদি কোনো ব্যক্তি নির্বাহী চেয়ারম্যান বা সদস্য হিসাবে নিযুক্ত হইবার পর নিজ নামে অথবা অন্য কোনো ব্যক্তির নামে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনো কিছুর বিনিময়ে বা বিনিময় গ্রহণ ব্যতিরেকে কোনো পেশায় নিয়োজিত বা কর্মরত থাকেন, তাহা হইলে সরকার, উক্ত ব্যক্তিকে উপযুক্ত কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া, তাহাকে তাহার স্বীয় পদ হইতে অপসারণ করিতে পারিবে।

(২) সরকার, জনস্বার্থে, ১ (এক) মাসের অগ্রিম নোটিশ অথবা ১ (এক) মাসের অগ্রিম বেতন প্রদান করিয়া নির্বাহী চেয়ারম্যান বা কোনো সদস্যের চাকরির অবসায়ন করিতে পারিবেন।

(৩) নির্বাহী চেয়ারম্যানের পদ শূন্য হইলে কিংবা তাঁহার অনুপস্থিতি বা অসুস্থতা বা অন্য কোনো কারণে নির্বাহী চেয়ারম্যান তাঁহার দায়িত্ব পালনে অসামর্থ্য হইলে, শূন্য পদে নূতন নির্বাহী চেয়ারম্যান কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা নির্বাহী চেয়ারম্যান পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত, চাকরিতে জ্যেষ্ঠতম সদস্য নির্বাহী চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করিবেন।

৯। **নির্বাহী চেয়ারম্যান ও সদস্যগণের বেতন ও ভাতাদি**।—(১) নির্বাহী চেয়ারম্যান ২ (দুই) লক্ষ টাকা মূল বেতন এবং বাড়ি ভাড়া ও অন্যান্য সুবিধাসহ সর্বসাকুল্যে ৩ (তিন) লক্ষ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা মাসিক সম্মানিসহ সার্বক্ষণিক ড্রাইভার, গাড়ি সুবিধা এবং প্রকৃত ব্যয় অনুযায়ী টেলিফোন ও মোবাইল সুবিধাদি প্রাপ্য হইবেন।

(২) সদস্যগণ ১ (এক) লক্ষ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা মূলবেতন এবং বাড়ি ভাড়া ও অন্যান্য সুবিধাসহ সর্বসাকুল্যে ৩ (তিন) লক্ষ টাকা মাসিক সম্মানিসহ সার্বক্ষণিক ড্রাইভার, গাড়ি সুবিধা এবং প্রকৃত ব্যয় অনুযায়ী টেলিফোন ও মোবাইল সুবিধাদি প্রাপ্য হইবেন।

(৩) সরকার কর্তৃক প্রেষণে চেয়ারম্যান অথবা সদস্যপদে নিয়োগ প্রদান করিবার ক্ষেত্রে নিজ বেতনে উক্ত নিয়োগ কার্যকর হইবে।

(৪) চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে নির্বাহী চেয়ারম্যান এবং সদস্যগণ মূলবেতনের সমপরিমাণ বৎসরে দু'টি উৎসব ভাতা এবং মূলবেতনের ২০% হারে বাংলা নববর্ষ ভাতা প্রাপ্য হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম মোস্তফা**
অতিরিক্ত সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd